অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/6/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল একটি 37.9 মিলিয়ন মার্কিন ডলারের সার্বিক সংস্কারের পর SUNY দিল্লির ফার্ন্সওয়ার্থ হলের ফিতা কেটে উদ্বোধন উদযাপন করলেন

সংস্কারকৃত ফ্যাসিলিটিটি নিউ ইয়র্ক স্টেটের মূলধনের যথাযথ ব্যবহারের মাধ্যমে সম্ভব হয়েছে

ফার্ন্সওয়ার্থ হল 200 এর বেশি শিক্ষার্থীকে অত্যাধুনিক ভেটেরিনারি বিজ্ঞান গবেষণাগার, সার্জিক্যাল স্যুইট, শ্রেণীকক্ষ, এবং একটি ক্ষুদ্র প্রাণী স্বাস্থ্য ক্লিনিক দিয়ে সমর্থন করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে SUNY দিল্লির (SUNY Delhi) ফার্ন্সওয়ার্থ হলের (Farnsworth Hall) উদ্বোধন ঘোষণা করলেন যেখানে নিউ ইয়র্ক স্টেটের অর্থায়ন দ্বারা সমর্থিত একটি সার্বিক 37 মিলিয়ন মার্কিন ডলার সংস্কার করা হয়েছে। ফার্ন্সওয়ার্থ হল হলো SUNY দিল্লির দেশের প্রথম ভেটেরিনারি বিজ্ঞান প্রযুক্তি কর্মসূচির জন্য ভিত্তিপ্রস্তর ফ্যাসিলিটি। প্রকল্পটি ভেটেরিনারি প্রযুক্তি এবং ফলিত বিজ্ঞান)Veterinary Technology and Applied Sciences_ কর্মসূচিসমূহের জন্য নতুন অত্যাধুনিক শ্রেণীকক্ষ এবং গবেষণাগারের স্থান প্রদান করে এবং সম্প্রদায়ের জন্য একটি সম্পূর্ণ কার্যকর শিক্ষাদানকারী ভেটেরিনারি ক্লিনিককে অ্যাক্সেসিবল করে।

"শিক্ষার্থীরা যেই স্থানে কাজ করছে ও শিক্ষালাভ করছে তাদের সেই স্থান নিয়ে গর্ব করতে পারা উচিত, এবং তা অর্জন করার জন্য প্রয়োজনীয় ফ্যাসিলিটি নিউ ইয়র্কের প্রত্যেক স্টেট কলেজ ও ইউনিভার্সিটিতে না হওয়া পর্যন্ত আমি থামবো না," **গভর্নর হোকল বলেন।** "নতুন এই সংস্কার প্রকল্পটির ফলে SUNY দিল্লি শিক্ষার্থীদের কাছে শিক্ষা ও সাফল্যের জন্য উচ্চমানের শিক্ষা ফ্যাসিলিটির অ্যাক্সেস থাকবে বলে আমি আত্মবিশ্বাসী।"

1980 সালে প্রথম নির্মিত ফ্যাসিলিটির সার্বিক সংস্কার করা হয়েছে যেখানে শক্তি দক্ষতা এবং অগ্রসর ভবন ব্যবস্থার উপর মনোযোগ প্রদান করা হয়েছে যাতে SUNY দিল্লির অতি গুরুত্বপূর্ণ ভেটেরিনারি প্রযুক্তি ও ফলিত বিজ্ঞান কর্মসূচির কর্মসূচি সংক্রান্ত চাহিদা যথাযথভাবে পূরণ করা যায়। 40 বছরের বেশি পুরোনো ফ্যাসিলিটির সংস্কারকাজের মধ্যে ছিলো একটি হাইব্রিড গ্রাউন্ড উৎসের হিট পাম্প সিস্টেম, শক্তি পুনরুদ্ধারসহ নতুন HVAC সিস্টেম, প্রাণীর যত্নের এলাকাসমূহের জন্য বিশেষায়িত ভেন্টিলেশন, উন্নত প্লাম্বিং এবং একটি সম্পূর্ণ LED বাতির ব্যবস্থা। ভবনটি এখন অত্যাধুনিক ভেটেরিনারি বিজ্ঞান গবেষণাগার, সার্জিক্যাল স্যুইট, একটি

সম্প্রদায়মুখী ক্ষুদ্র প্রাণী স্বাস্থ্য ক্লিনিক, এবং প্রযুক্তি, শিক্ষার্থীদের সহযোগিতা এবং একাধিক ব্যবহারের প্রয়োজনকে সমর্থন করে এমন অবকাঠামোসহ শ্রেণীকক্ষকে সমর্থন করবে।

নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটির (State University of New York, SUNY) ফ্যাসিলিটিসমূহের উন্নয়ন করতে এবং শিক্ষার্থীদের জন্য ধারণক্ষমতা বৃদ্ধি করতে নিউ ইয়র্ক স্টেট উল্লেখযোগ্য তহবিল প্রদান করেছে। ক্যাপিটাল উন্নয়ন প্রকল্পসমূহকে সমর্থন করার জন্য SUNY 2024-2025 সালের নিউ ইয়র্ক স্টেটের প্রণীত বাজেট থেকে 1 বিলিয়ন মার্কিন ডলার স্টেট বিনিয়োগ পেয়েছে।

SUNY এর চ্যান্সেলর জন বি কিং জুনিয়র বলেন, "শিক্ষার্থীদের সাফল্য এবং অর্থনৈতিক বিকাশের প্রতি SUNY এর প্রতিশ্রুতি এই দারুণ ফ্যাসিলিটিতে প্রতিফলিত হয়, যা SUNY দিল্লির ভেটেরিনারি বিজ্ঞান প্রযুক্তি কর্মসূচির শিক্ষার্থীদের একটি শক্তিদক্ষ ফ্যাসিলিটিতে শিক্ষালাভ করতে দেয় যা জিওথার্মাল শক্তি দ্বারা বিদ্যুতায়িত হয়, যেখানে গর্ব করার মতো অত্যাধুনিক গবেষণাগার, সার্জিক্যাল এবং ডায়াগনস্টিক ইমেজিং স্যুইট, শ্রেণীকক্ষ, এবং এমনকি একটি ক্ষুদ্র প্রাণীর ক্লিনিকও রয়েছে। গভর্নর হোকল এবং আমাদের বিধানিক অংশীদারদের উল্লেখযোগ্য সমর্থনের কারণে ফার্ন্সওয়ার্থ হল খুলে দেওয়া হয়েছে, এবং SUNY এর একাডেমিক অসাধারণত্ব এবং অতুলনীয় মূল্য অগ্রসর করার জন্য SUNY এর মূলধন চাহিদা ও কর্মকাণ্ডের অর্থায়ন করার জন্য আমি তাদের ধন্যবাদ জানাচ্ছি।"

SUNY বোর্ডের ট্রাস্টি এরিক কর্নগোল্ড বলেন, "বহু দশক ধরে SUNY দিল্লির দুর্দান্ত ভেটেরিনারি বিজ্ঞান প্রযুক্তি কর্মসূচিসমূহ সেরা ও সবথেকে মেধাবী নিউ ইয়র্কবাসীকে শিক্ষাদান করেছে, যার মূল উদ্দেশ্য হলো আমাদের সাথে কাজ করে এবং আমাদের জীবন, বাড়ি ও গ্রহে বাস করা প্রাণীদের স্বাস্থ্য ও সুস্থতা। এই ফ্যাসিলিটির আকার ও আওতা দেশের বৃহত্তম এবং সেরাদের মধ্যে রয়েছে, যা এই বিখ্যাত কর্মসূচিতে ভর্তি হওয়া শিক্ষার্থীদের জন্য সাফল্য তৈরি করে।"

UNY দিল্লির প্রেসিডেন্ট ম্যারি এইচ বোস্তারফ বলেন, "ফার্ন্সওয়ার্থ হলের পুনরায় উদ্বোধন সত্যিই SUNY দিল্লির জন্য একটি যুগান্তকারী উপলক্ষ। ফার্ন্সওয়ার্থ হল দীর্ঘদিন ধরেই শিক্ষা, গবেষণা, এবং সম্প্রদায়ের সেবার একটি কেন্দ্র হয়ে আছে, বিশেষ করে আমাদের পথিকৃৎ ভেটেরিনারি বিজ্ঞান প্রযুক্তি কর্মসূচির জন্য যা দেশের মধ্যে এ ধরনের প্রথম কর্মসূচি। এই সংস্কারকাজ দিল্লির ভেটেরিনারি বিজ্ঞান কর্মসূচিসমূহের সমৃদ্ধ ইতিহাস এবং ভবিষ্যতের চাহিদাকেন্দ্রিক প্রযুক্তিকে একত্রে যুক্ত করে। এই সংস্কার সম্ভব করার ক্ষেত্রে তাদের সমর্থনের জন্য SUNY নির্মাণ তহবিল এবং চ্যান্সেলর জন বি কিং জুনিয়রকে দিল্লি সম্প্রদায়ের পক্ষ থেকে আমি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। আজকে ফিতা কাটার মাধ্যমে আমরা শুধু একটি ভবনকে পুনরায় খুলে দিচ্ছি না; বরং এছাড়াও দিল্লির শিক্ষার্থী এবং আমাদের কলেজ সম্প্রদায়ের জন্য নতুন সুযোগের দুয়ার উন্মোচন করে দিচ্ছি।"

স্টেটের সিনেটর পিটার ওবেরেকার বলেন, "আজকের দিনটি SUNY দিল্লির জন্য একটি মাইলফলক মুহূর্ত, এবং এইসব অত্যাধুনিক ভেটেরিনারি প্রযুক্তি ও ফলিত বিজ্ঞান কর্মসূচিসমূহ নিয়ে আমরা উদ্ভাবনের সম্মুখসারিতে দাঁড়িয়ে আছি। এই কর্মসূচিগুলি এই প্রতিষ্ঠানের অগ্রগামী চিন্তার চেতনার প্রতিফলন করে, এবং শিক্ষার্থী, ক্যাম্পাস, এবং সম্প্রদায়ের জন্য একটি

অসাধারণ উজ্জ্বল ভবিষ্যতের ইঙ্গিত প্রদান করে। চ্যান্সেলর জন কিংকে তার সমর্থনের জন্য আমি ধন্যবাদ জানাচ্ছি এবং এই অর্জনকে সম্ভব করতে তাদের অসাধারণ নেতৃত্বের জন্য ডাঃ ম্যারি বোন্ডারফ এবং তার দলকে আমি আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। একজন গর্বিত ব্রঙ্কো এবং SUNY দিল্লির গ্র্যাজুয়েট হিসেবে এটি আগামী প্রজন্মের জন্য যে দারুণ সব সুযোগ নিয়ে আসবে তার জন্য আমি অত্যন্ত আনন্দিত।"

অ্যাসেম্বলির সদস্য ক্রিস ট্যাগ বলেন, "ফার্ন্সওয়ার্থ হলের পুনর্নির্বেদন উদযাপন করার সময় SUNY দিল্লিতে শিক্ষাখাতের এইসব মহান নেতৃবৃন্দের মধ্যে থাকতে পেরে আমি অত্যন্ত কৃতজ্ঞ। দিল্লি দীর্ঘদিন ধরেই ভেটেরিনারি বিজ্ঞানে অসাধারণত্বের একটি কেন্দ্র হয়ে আছে, এবং এই উন্নত শ্রেণীকক্ষ, ফ্যাসিলিটি এবং প্রযুক্তি আগামী প্রজন্মের ভেটদের নিজেদের কাজে নিপুণ হওয়ার জন্য প্রস্তুত করা অব্যাহত রাখবে। SUNY চ্যান্সেলর জন কিং জুনিয়রের নেতৃত্বের জন্য, SUNY দিল্লির প্রেসিডেন্ট ম্যারি বোন্ডারফের ইউনিভার্সিটির রক্ষণাবেক্ষণের জন্য, এবং শিক্ষার্থীদের প্রতি দিকনির্দেশনা প্রদান ও তাদের প্রয়োজনের পক্ষে কথা বলার জন্য ডিন ব্রেট মেকেলকে ধন্যবাদ। নতুন ফ্যাসিলিটির জন্য SUNY দিল্লিকে অভিনন্দন!"

SUNY দিল্লির ভেটেরিনারি বিজ্ঞান প্রযুক্তি কর্মসূচি সম্পর্কে

SUNY দিল্লি মার্কিন যুক্তরাষ্ট্রে প্রথম একটি ভেটেরিনারি বিজ্ঞান প্রযুক্তি কর্মসূচি প্রদান করে, যেখানে ক্ষুদ্র ও বড় উভয় ধরনের প্রাণীর স্বাস্থ্য ও সুস্থতার জন্য সেবাদান করার সর্বাপেক্ষা আধুনিক কৌশল শেখানো হয়। আমেরিকান ভেটেরিনারি মেডিকেল অ্যাসোসিয়েশন (American Veterinary Medical Association, AMVA) দ্বারা সম্পূর্ণ স্বীকৃত, SUNY দিল্লি অ্যাসোসিয়েট এবং ব্যাচেলর্স ডিগ্রি উভয় প্রদান করে এবং সেই সাথে বিস্তৃত ফ্যাসিলিটির অ্যাক্সেস প্রদান করে, যেমন সার্জিক্যাল এবং ডায়াগনস্টিক ইমেজিং স্যুইট, একটি নতুন ক্লিনিক্যাল স্যুইট যা একটি ভেটেরিনারি হাসপাতালের আদলে বানানো হয়েছে, গবেষণাগারের প্রাণীদের সুযোগ সুবিধা, এবং আলপাকা, গরু, ভেড়া এবং ঘোড়াসহ একটি বড় প্রাণী সম্পর্কে শিক্ষাদান করার ফার্ম রয়েছে। হাতে কলমের দক্ষতার উপর জোরদার গুরুত্ব প্রদান করার ফলে দেশের সেরা সব প্রাণীদের ক্লিনিক, হাসপাতাল, এবং গবেষণা ফ্যাসিলিটিতে দিল্লির গ্র্যাজুয়েটদের চাহিদা রয়েছে।

SUNY দিল্লি সম্পর্কে

SUNY দিল্লির শিক্ষাদান করা ও শেখার হাতে কলমের পন্থার মধ্যে রয়েছে বিশেষায়িত ক্ষেত্রে 60টির বেশি একাডেমিক কর্মসূচি, যেমন ফলিত প্রযুক্তি, নার্সিং, আতিথেয়তা, ভেটেরিনারি বিজ্ঞান, ফলিত বিজ্ঞান, ব্যবসা, এবং লিবারেল আর্টস ও বিজ্ঞান। অন-ক্যাম্পাস এবং অনলাইন সেটিংয়ের একটি সংমিশ্রণে SUNY দিল্লি সার্টিফিকেট, অ্যাসোসিয়েট ডিগ্রি, ব্যাচেলর্স ডিগ্রি, এবং সেই সাথে মাস্টার্স ডিগ্রিও প্রদান করে। প্রায় 3,000 শিক্ষার্থী ভর্তি করা SUNY দিল্লি হলো নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটির একটি সদস্য। SUNY দিল্লি সম্পর্কে আরো তথ্যের জন্য 607-746-4000 নম্বরে ফোন করুন বা ভিজিট করুন delhi.edu।

নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি সম্পর্কে

SUNY হলো যুক্তরাষ্ট্রে উচ্চশিক্ষার বৃহত্তম বিস্তৃত ব্যবস্থা এবং সমস্ত নিউ ইয়র্কবাসীর 95 শতাংশেরও বেশি SUNY-র 64টি কলেজ এবং ইউনিভার্সিটির যেকোনো একটির 30 মাইলের মধ্যে বাস করে। পুরো সিস্টেমজুড়ে SUNY এর চারটি একাডেমিক স্বাস্থ্য কেন্দ্র, পাঁচটি

হাসপাতাল, চারটি মেডিকেল স্কুল, দুইটি ডেন্টাল স্কুল, একটি ল স্কুল, দেশের সবথেকে পুরোনো মেরিটাইম স্কুল, স্টেটের একমাত্র অপটোমেট্রি কলেজ রয়েছে, এবং একটি মার্কিন যুক্তরাষ্ট্রের শক্তি বিভাগের (US Department of Energy) জাতীয় গবেষণাগারের ব্যবস্থাপনা করে। SUNY এর ক্রেডিট ও ক্রেডিটহীন কোর্স, কর্মসূচি, শিক্ষা চালু রাখা, এবং সম্প্রদায়ের আউটরিচ কর্মসূচির সম্পূর্ণ পোর্টফোলিওতে মোট প্রায় 1.4 মিলিয়ন শিক্ষার্থীকে সেবাদান করে। SUNY নিউ ইয়র্কের প্রায় এক-চতুর্থাংশ অধ্যয়ন বিষয়ক গবেষণার তত্ত্বাবধান করে। অর্থবছর 2023 এ সিস্টেমব্যাপী গবেষণার ব্যয় ছিলো প্রায় 1.1 বিলিয়ন মার্কিন ডলার, যার মধ্যে শিক্ষার্থী ও অনুষদের উল্লেখযোগ্য অবদান রয়েছে। বিশ্বব্যাপী তিন মিলিয়ন SUNY এর প্রাক্তন শিক্ষার্থী রয়েছেন এবং কলেজের ডিগ্রীসহ তিনজন নিউ ইয়র্কবাসীর মধ্যে একজন হলেন SUNY এর প্রাক্তন শিক্ষার্থী। SUNY কীভাবে সুযোগ তৈরি করে সে সম্পর্কে আরো জানতে ভিজিট করুন www.suny.edu।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন